

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয়	৪ মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ	৪ ২৭ জুলাই, ২০২১ খ্রিঃ।
সময়	৪ বেলা ১০.০০ ঘটিকা।
সভার স্থান	৪ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভাপতি	৪ ছালেহা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিতি/অনুপস্থিতি সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিতি সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ উপজেলা বাল্য বিবাহকৃত ঘোষণা করা হলেও কোন কোন এলাকায় কোর্ট এফিডেফিটের মাধ্যমে বাল্য বিবাহ হচ্ছে। তাছাড়া এ অঞ্চলে যৌতুক প্রথার প্রভাবও রয়েছে। তাই বাল্য বিবাহ ও যৌতুক প্রথার প্রতিরোধ জনসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। অতএব বাল্য বিবাহ রোধ ও যৌতুক প্রথা নিরসনে সচেতনতা মূলক সেমিনার ও নাটকের ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাৱ করেন।


ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন জনপ্রতিনিধিগণ বিশেষ করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জন্মনিবন্ধন সঠিকভাবে সংরক্ষণ করলে বাল্য বিবাহ অনেকাংশে কমবে এবং কাজীগণ জন্মনিবন্ধন ব্যতিত বিবাহ রেজিস্ট্রি না করার পরামর্শ প্রদানের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ জানান।

উপজেলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন এ উপজেলা অনেক মহিলা আছে যারা সেলাই কাজ করতে পারে। কিন্তু তারা ভাল সেলাই ও কাপড় কাটার ব্যাপ্ত্যারে দক্ষ নয়। ঐ সব মহিলাদের হাতে কলমে ভাল সেলাই ও কাপড় কাটার প্রশিক্ষণ দিতে পারলে তাদের আয় বৃদ্ধি পাবে এবং পরিবারের শচলতা আসবে যদে তিনি উল্লেখ করেন।

সিদ্ধান্তসূচী :

১. বাল্য বিবাহ রোধ ও যৌতুক প্রথা নিরসনে সচেতনতা মূলক সেমিনার ও নাটকের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।
২. এ উপজেলার মহিলাদের হাতে-কলমে সেলাই ও কাপড় কাটার প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি স্বাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।


 (ছালেহা বেগম)
 সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯- ১২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থে :

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৪। উপজেলাঅফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। চেয়ারম্যান,ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। সংরক্ষণ নথি।

তারিখঃ- ২৭/০৭/২০১৯ খ্রি।

*Shakeha
২৭/০৭/১৯*
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।